বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯
ই-মেইলঃ-dgmsme@krishibank.org.bd

**ক্রেডিট বিভাগ**

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)/১১(৪)/২০২২-২৩/ ৭০০৬(১২৫০) তারিখঃ ১৮/১০/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫০০০ (পঁচিশ) হাজার কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় সিএমএসএমই (CMSME) খাতে মেয়াদী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০% (শতভাগ) অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)/১১(৪)/২০২২-২৩/৫৭৯(১২৫০) তারিখঃ ৩১/০৮/২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫০০০ (পঁচিশ) হাজার কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় সিএমএসএমই (CMSME) খাতে মেয়াদী ঋণ বিতরণের জন্য অত্র ব্যাংকের মোট বরাদ্দ ৩৮০.০০ (তিনশত আশি) কোটি টাকা মাঠ পর্যায়ে বণ্টনপূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে তা অর্জনের লক্ষ্যে অত্র বিভাগ হতে দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ১৬/১০/২০২২ তারিখ ভিত্তিক পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় অত্র ব্যাংকের বিভাগওয়ারী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগ | ২৫০০০ (পঁচিশ) হাজার কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কীম | | |
|---|---|---|---|---|
| | | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার |
| ১ | ঢাকা | ৮৬.০০ | ০.৫৫ | ০.৬৪% |
| ২ | ময়মনসিংহ | ৫০.০০ | ০.১৩ | ০.২৫% |
| ৩ | চট্টগ্রাম | ৩৭.০০ | ০.১৪ | ০.৩৮% |
| ৪ | খুলনা | ২৭.০০ | ০.০৩ | ০.১১% |
| ৫ | বরিশাল | ১৯.০০ | ০.০৫ | ০.২৯% |
| ৬ | সিলেট | ২৪.০০ | ০.১৪ | ০.৫৮% |
| ৭ | কুমিল্লা | ৫৭.০০ | ০.১৮ | ০.৩২% |
| ৮ | ফরিদপুর | ৩৩.০০ | ০.০৩ | ০.০৯% |
| ৯ | কুষ্টিয়া | ৩৯.০০ | - | - |
| ১০ | এলপিও | ৮.০০ | - | - |
| মোট | | ৩৮০.০০ | ১.২৫ | ০.৩৩% |

**উপরোক্ত ছক পর্যালোচনায় দেখা যায় যে, (CMSME) খাতের ২৫০০০ (পঁচিশ) হাজার কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় বরাদ্দপ্রাপ্ত লক্ষ্যমাত্রা ৩৮০.০০ (তিনশত আশি) কোটি টাকার বিপরীতে বিগত ১৬/১০/২০২২ ইং পর্যন্ত অত্র ব্যাংকের মোট বিতরণের অর্জন ১.২৫ (এক কোটি পঁচিশ লক্ষ); মোট লক্ষ্যমাত্রার ০.৩৩% যা সন্তোষজনক নয়।

চলমান পাতা-০২

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫০০০ (পঁচিশ) হাজার কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় সিএমএসএমই (CMSME) খাতে মেয়াদী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০% (শতভাগ) অর্জন প্রসঙ্গে।

০৩। আলোচ্য পুনঃঅর্থায়ন স্কীমের ঋণ বিতরণ কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে বিভিন্ন পত্র জারী এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে জুম মিটিং এ বিভিন্ন নির্দেশনা দেয়া হলেও বিতরণ কার্যক্রমে আশানুরূপ গতি সঞ্চার হয়নি, যা কোনভাবেই কাম্য নয়। এ বিষয়ে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অসন্তোষ ব্যক্ত করে এ ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়নপূর্বক দ্রুততম সময়ের মধ্যে প্যাকেজের পূর্ণাঙ্গ বাস্তবায়ন নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং- ০৪, তারিখঃ ১৯/০৭/২০২২, অত্র ব্যাংকের এসএমই ঋণ নীতিমালা পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৬/২০১০, তারিখঃ ৩০/১১/২০১০ এবং অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক দ্রুততম সময়ের মধ্যে প্যাকেজের পূর্ণাঙ্গ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত তদারকিসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১৮/১০/২০২২

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪৯

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)/১১(৪)/২০২২-২৩/ ১০০৬(১২৫০)

তারিখঃ ১৮/১০/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Hossain
১৮/১০/2022

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক